

কোটা বাতিলের দাবিতে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে বিক্ষোভ

অনলাইন ডেস্ক

০৩ জুলাই, ২০২৪
২০:১১

শেয়ার

অ +

অ -



ছবি: কালের কণ্ঠ

সরকারি চাকরিতে কোটা ব্যবস্থা পুনর্বহালের প্রতিবাদে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিক্ষোভ করছেন শিক্ষার্থীরা। কোটা বাতিলের দাবিতে রাজধানীর শাহবাগ ও জাহাঙ্গীরনগরে ঢাকা-আরিচা মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করছে শিক্ষার্থীরা।

বুধবার (৩ জুলাই) দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরির সামনে থেকে বিক্ষোভ মিছিল করে শিক্ষার্থীরা।
মিছিলটি পুরো ক্যাম্পাস প্রদক্ষিণ করে।

পরে শাহবাগ সড়ক অবরোধ করে বিক্ষোভ করে শিক্ষার্থীরা।

বিক্ষোভ মিছিল শেষে শিক্ষার্থীরা চারটি দাবি জানিয়েছেন। প্রথম দাবি, ২০১৮ সালে প্রথম ও দ্বিতীয় শ্রেণির সরকারি চাকরিতে মেধাভিত্তিক নিয়োগের জন্য একটি পরিপত্র জারি করেছিল সরকার। সম্প্রতি হাইকোর্ট তা বাতিল করেছেন, সেটি পুনর্বহাল করতে হবে।

দ্বিতীয় দাবি, একটি কমিশন গঠনের মাধ্যমে পিছিয়ে পড়া জনগোষ্ঠীর জন্য যৌক্তিক কোটা রাখা যাবে।

তৃতীয় দাবি, যারা কোটার ভিত্তিতে নিয়োগ পাবেন, তারা শুধু জীবনে একবারই এই সুযোগ ব্যবহার করতে পারবে।

সবশেষ দাবি হচ্ছে, কোটার ভিত্তিতে নিয়োগের পর যেসব আসন শূন্য থাকবে, সেগুলোতে মেধা তালিকা থেকে নিয়ে পূরণ করতে হবে।

এর আগে সকালে বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা দুই ঘণ্টা ঢাকা-কুয়াকাটা সড়ক অবরোধ করে বিক্ষোভ করে।

দাবি না মানলে কঠোর আন্দোলনের হুমকি দেন তারা। এর আগে প্রশাসনিক ভবনের সামনে বিক্ষোভ করেন শিক্ষার্থীরা।

একই দাবিতে সকালে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শহিদ মিনার প্রাঙ্গণে অবস্থান নেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। পরে দুপুরে চট্টগ্রাম-রাঙামাটি সড়কের হাটহাজারি অংশ অবরোধ বিক্ষোভ করেন তারা। এক ঘণ্টার অবরোধে যানবাহন চলাচল বন্ধ হয়ে দুর্ভোগ পড়েন যাত্রীরা।

এদিকে, প্রথম ও দ্বিতীয় শ্রেণির সরকারি চাকরিতে ৩০ শতাংশ মুক্তিযোদ্ধা কোটার বিষয়টি আপিল বিভাগের পূর্ণাঙ্গ বেঞ্চে উঠছে বৃহস্পতিবার।